কুষ্টিয়ায় কৃষি উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ

কুষ্টিয়ায় কৃষি উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়নে চার দিনের উদ্যোক্তা প্রশিক্ষণ শুরু হয়েছে। আজ সোমবার (২০ মে) সকালে কুষ্টিয়া কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালকের কার্যালয়ের প্রশিক্ষণ হলরুমে এ প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করা হয়।

কৃষি উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়নে যশোর অঞ্চলের টেকসই কৃষি সম্প্রসারণ প্রকল্পের আওতায় কুষ্টিয়ায় এ উদ্যোক্তা প্রশিক্ষণ শুরু হয়।

উদ্বোধনী অনুষ্টানে প্রধান অতিথির বক্তব্য রাখেন কুষ্টিয়া জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক সুফি মো: রফিকুজ্জামান।

যশোর অঞ্চলের টেকসই কৃষি সম্প্রসারণ প্রকল্পের প্রকল্প পরিচালক রমেশ চন্দ্র ঘোষের সভাপতিত্বে প্রকল্পের মনিটরিং ও মূল্যায়ন কর্মকর্তা মাসুম আব্দুল্লাহ এর পরিচালনায় বিশেষ অতিথির রাখেন অতিরিক্ত উপপরিচালক (শস্য) মহসীন আলী, জেলা প্রশিক্ষণ কর্মকর্তা আব্দুল করীম, কৃষি প্রকৌশলী মোফাজ্জল হোসেন প্রমুখ।

বক্তারা বলেন, বাংলাদেশের অর্থনীতির মূল চালিকাশক্তি হিসেবে কৃষি সবসময়ই অন্যতম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এসেছে। এই খাতের প্রবৃদ্ধি ত্বরান্বিত করতে ও কৃষি উদ্যোক্তা হয়ে ওঠার ক্ষেত্রে প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতায় আরও বেশি মানুষকে সক্ষম করে তুলতে এই প্রশিক্ষণের কোন বিকল্প নেই। তাই এ ধরণের প্রশিক্ষণ টেকসই সমাধান প্রদান ও উৎপাদনশীলতা বাড়ানোর ক্ষেত্রে উদ্ভাবনীর চর্চা উৎসাহিত করবে, যা কৃষিখাতের ভবিষ্যৎ সমৃদ্ধিও নিশ্চিত করবে বলেও জানান তারা।

চার দিনের এ প্রশিক্ষণ কর্মশালায় জেলার ৬০ জন কৃষি উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

এই প্রশিক্ষণে অংশগ্রহণকারী কৃষি উদ্যোক্তারা ব্যবহারিক দক্ষতা উন্নয়ন, বাজার ও বিপণন সক্ষমতা তৈরি এবং কৃষি-বিষয়ক ঋণ নীতি ও সুদহারের মতো কৃষিসংক্রান্ত কার্যক্রমের বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে ধারণা লাভ করেন।

[redacted]

[redacted]